গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের খুলনা ডিভিশনাধীন
## যশোর হাউজিং এস্টেটে নবসৃষ্ট আবাসিক প্লট বরাদ্দের

# প্রসপেক্টাস ও আবেদন পত্র

মূল্যঃ ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র।

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ**
গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের খুলনা ডিভিশনাধীন যশোর হাউজিং এস্টেট এ নবসৃষ্ট আবাসিক প্লট বরাদ্দের

# প্রসপেক্টাস

## ১.০ আবেদনকারীর যোগ্যতা

১.১ যশোর হাউজিং এস্টেটের প্লটের ক্ষেত্রে আবেদনকারীকে খুলনা বিভাগের আওতাধীন বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.২ আবেদনকারীর যদি নিজ নামে, স্ত্রী / স্বামী (কর্মজীবি স্ত্রী / স্বামীর ক্ষেত্র ব্যতীত) / সন্তান / পোষ্য এর নামে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর) অন্য কোন সরকারী / আধাসরকারী / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে বাংলাদেশের যে কোন এলাকায় প্লট বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি এই প্লট ক্রয়ের জন্য আবেদন করার যোগ্য হবেন না। ইতোপূর্বে বরাদ্দ প্রাপ্ত প্লট বিক্রয় / হস্তান্তর করে থাকলেও তিনি প্লট বরাদ্দ পেয়েছেন মর্মে গণ্য হবে। এ বিষয়ে পরবর্তীতে উক্তরুপ প্রমাণিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।

১.৩ আবেদনকারীর বয়স ০১.০১.২০২৩ খ্রিঃ তারিখে ন্যূনতম ২৫ (পঁচিশ) বছর হতে হবে। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.৪ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। বিদেশে কর্মরত আবেদনকারীগণ ঐ দেশের নোটারী পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করবেন এবং চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C No.-0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDA002, Basic Bank Limited ( Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার (অফেরতযোগ্য) জমা প্রদানক্রমে যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পেতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল অথবা ফ্যাক্সযোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করলে (National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh, Phone-02-9562762, e-mail: chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হবে। তবে এক্ষেত্রে ডাক মাশুলের খরচ আবেদনকারীকে বহন করতে হবে। ডাকযোগে প্রসপেক্টাস এর হার্ডকপি সংগ্রহ করতে না পারলে কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) হতে Download করে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বিদেশে কর্মরতদের ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে।

## ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় এবং দাখিল

২.১ ওয়ান ব্যাংক লিমিটেড এর নিম্নলিখিত শাখা সমূহ হতে অফিস চলাকালীন সময়ে ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ প্রদান সাপেক্ষে প্রসপেক্টাস ক্রয় এবং আবেদনপত্র দাখিল করা যাবে:(০১) ঢাকা, গৃহায়ন ভবন উপ-শাখা, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। (০২) ঢাকা, শ্যামলী রিং রোড শাখা, শম্পা সুপার মার্কেট, ৬/৭, আদর্শ ছায়ানীড়, রিং রোড, শ্যামলী, ঢাকা। (০৩) ঢাকা, মিরপুর শাখা, আর এস এইচ টাওয়ার, প্লট নং-২৩, রোড নং-৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা। (০৪) রাজশাহী, রাজশাহী শাখা, ৮৮-৯১ স্টেশন রোড, রানিবাজার, বোয়ালিয়া, রাজশাহী। (০৫) বগুড়া, বগুড়া শাখা, ৭৩২/এ, বাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া। (০৬) রংপুর, রংপুর শাখা, শাহ বাড়ী টাওয়ার, ২৮৬, স্টেশন রোড, পুষ্পপাড়া, রংপুর। (০৭) বরিশাল, বরিশাল শাখা, কে জাহান সেন্টার, ১০৬, সদর রোড, কোতয়ালী, বরিশাল। (০৮) খুলনা, খুলনা শাখা, জে কে টাওয়ার, ৭৯, যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা। (০৯) চট্টগ্রাম, সিডিএ এভিনিউ শাখা, এভিনিউ সেন্টার, ৭৮৭/এ, সিডিএ এভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম। (১০) সিলেট, সিলেট শাখা, ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাটি, সিলেট। (১১) কুমিল্লা, কুমিল্লা শাখা, হোল্ডিং নং-৩৪৯, শহীদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতয়ালী, কুমিল্লা। (১২) নোয়াখালী, মাইজদী কোর্ট শাখা, মাইজদী পৌর সুপার মার্কেট, মাইজদী কোর্ট, ওয়ার্ড নং-০৪, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী। (১৩) যশোর, যশোর শাখা, এম, এস অর্কিড সেন্টার, ৪৪, এম, কে রোড, যশোর। (১৪) কুষ্টিয়া, কুষ্টিয়া শাখা, খুশি প্লাজা, ২৫৮, এন, এস রোড, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া। (১৫) ফরিদপুর, ফরিদপুর শাখা, লাম শাহজাদী টাওয়ার, ২১৩, আলীপুর রোড, ফরিদপুর সদর, ফরিদপুর।

২.২ আবেদনপত্রের সাথে যে কোন তফসিলী ব্যাংক হতে নিম্নবর্ণিত টাকার ড্রাফট / পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর অনুকূলে জামানত হিসেবে জমা দিতে হবে। যিনি প্লট বরাদ্দ পাবেন তাঁর জামানতের টাকা সংশ্লিষ্ট প্লটের মূল্য বাবদ পরিশোধযোগ্য প্রথম কিস্তির (ডাউন পেমেন্ট) সাথে সমন্বয় করা হবে।

জামানতের পরিমাণ:

১.৫০-২.৫০ কাঠা আয়তনের প্লটের জন্য = ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা মাত্র।

২.৫১-৫.০০ কাঠা আয়তনের প্লটের জন্য = ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

২.৩ আগ্রহী ব্যক্তিগণকে এ প্রসপেক্টাসের সাথে সংযুক্ত আবেদন পত্রের ফরমটি বিমুক্ত করে যথাযথভাবে পূরণ পূর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকে জমা দিতে হবে।

২.৪ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। তারা অবশ্যই জামানতের সমপরিমান অর্থ পাউন্ড স্টার্লিং / আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C No.-0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDA002, Basic Bank Limited ( Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে প্রদান করবেন। তাদের ক্ষেত্রে নোটারী পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনকারী বিদেশ হতে কুরিয়ার সার্ভিসযোগে বা হাতে হাতে Chairman, National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh আবেদনপত্র প্রেরণ করবেন।

২.৫ যে সকল আবেদনকারী প্লট পাবেন না তারা জামানতের টাকা সরাসরি নিজ ব্যাংক একাউন্টে ফেরত পেতে ইচ্ছুক হলে তাঁদেরকে অবশ্যই আবেদনপত্রের ক্রমিক নং-১৬ এ উল্লিখিত ছকে অনলাইন ব্যাংকিং সুবিধাযুক্ত বাংলাদেশের যে কোন ব্যাংকের হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখা এবং রাউটিং নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনকারীর স্বাক্ষরিত আবেদন প্রাপ্তি ও জামানতের টাকা জমা প্রদানের রশিদ জমা সাপেক্ষে প্রাপকের হিসাবে প্রদেয় চেকের (Account Payee Cheque) মাধ্যমে প্লট বরাদ্দের তালিকা প্রকাশের পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা এর অফিস হতে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না এবং আবেদনকারী সুদ দাবী করতে পারবেন না।

## ৩.০ প্লটের আয়তন, মূল্য এবং প্লটের দখল হস্তান্তর

৩.১ যশোর হাউজিং এস্টেটে কাঠা প্রতি জমির আনুমানিক মূল্য = ৮.০০ লক্ষ (কথায়ঃ আট লক্ষ) টাকা মাত্র। নিম্নে প্লটের আয়তন ও আনুমানিক সংখ্যা দেয়া হলোঃ

| ক্রমিক নং | প্লটের আয়তন (কম/বেশী) | প্লটের সংখ্যা |
|---|---|---|
| ০১ | ৫.০০ কাঠা | ১০ টি |
| ০২ | ৪.০০ কাঠা | ০২ টি |
| ০৩ | ৩.০০ কাঠা | ০১ টি |
| ০৪ | ২.৭৭ কাঠা | ১৪ টি |
| ০৫ | ২.৫০ কাঠা | ১৪ টি |
| ০৬ | ১.৮০ কাঠা | ১১ টি |
| ০৭ | ১.৭৫ কাঠা | ০৩ টি |
| ০৮ | ১.৫০ কাঠা | ০১ টি |
| | সর্বমোট = | ৫৬ টি |

৩.২ প্লটের বিপরীতে সমুদয় কিস্তি / এককালীন টাকা পরিশোধ করা হলে অনধিক ০৬ (ছয়) মাসের মধ্যে প্লটের বাস্তব দখল হস্তান্তর করা হবে। প্রকল্প এলাকায় নির্ধারিত স্থানে কিংবা যেকোন স্থানে প্লটের দখল গ্রহণ করতে সম্মত থাকতে হবে।

৩.৩ প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ ব্যাপারে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে না।

## ৪.০ প্লটের কিস্তি পরিশোধ

৪.১ বরাদ্দ প্রাপক প্লটের মূল্য একাধিক কিস্তিতে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন।

(ক) ১ম কিস্তিঃ বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৪০% টাকা বরাদ্দপত্র জারীর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

(খ) ২য় কিস্তিঃ বরাদ্দপত্র জারীর ১২ (বারো) মাসের মধ্যে ৯% সুদসহ মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে।

(গ) ৩য় কিস্তিঃ বরাদ্দপত্র জারীর ১৮ (আঠারো) মাসের মধ্যে ৯% সুদসহ মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে।

(ঘ)৪র্থ কিস্তিঃ বরাদ্দপত্র জারীর ২৪ (আঠারো) মাসের মধ্যে ৯% সুদসহ মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে।

৪.২ বরাদ্দপত্র জারীর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে প্লটের মূল্য এককালীন পরিশোধের পর প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিস্ট্রি করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এর যাবতীয় ব্যয়ভার বরাদ্দগ্রহীতাকে বহন করতে হবে।

৪.৩ লীজ দলিল সম্পাদনের ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর ছাড়পত্র এবং স্থানীয় পৌর / সিটি কর্পোরেশন কর্তৃপক্ষের অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল পূর্বক জমাকৃত অর্থের ১০% বাজেয়াপ্ত করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

৪.৪ যারা বরাদ্দের ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে জমির মূল্যের ১ম কিস্তির টাকা পরিশোধ করতে ব্যর্থ হবেন তাদের বরাদ্দ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন নোটিশ জারী করা হবে না।

৪.৫ বরাদ্দ প্রাপক প্লটের মূল্য এককালীন পরিশোধ করতে পারবেন।

৪.৬ ১ম কিস্তির টাকা প্রদানের পর যারা সময়মত অন্যান্য কিস্তির মূল্য পরিশোধ করতে ব্যর্থ হবেন, তাদেরকে কিস্তির জন্য নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ৯০ (নব্বই) দিন পর্যন্ত খেলাপী টাকার উপর ১৩% হারে, ৯০ (নব্বই) দিন অতিক্রান্ত হলে খেলাপী টাকার উপর ০৬ (ছয়) মাস পর্যন্ত ১৬% হারে সুদসহ টাকা গ্রহণ করা যাবে। তবে ০৬ (ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দপত্র বাতিল করা হবে না তার ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসংগত কারণ বিবেচনায় ০১ (এক) বৎসর পর্যন্ত ১৮% এবং ০৩ (তিন) বৎসর পর্যন্ত ২১% হারে সুদ নেয়া যাবে। তবে খেলাপী কাল ০৩ (তিন) বৎসরের অধিক হলে বরাদ্দ বাতিল হবে। তবে যুক্তিসংগত কারণ বিবেচনায় যে কোন মেয়াদী খেলাপী চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনক্রমে কেস টু কেস নিস্পত্তি করা যাবে। খেলাপীর কারণে বরাদ্দ বাতিলের ক্ষেত্রে জমাকৃত টাকার ৫% কর্তন পূর্বক অবশিষ্ট টাকা সুদবিহীন ফেরত দেয়া হবে।

৪.৭ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ নির্ধারিত "এফসি" একাউন্ট এর মাধ্যমে অথবা বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করতে পারবেন। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ জমাকৃত অর্থ ফেরত দিলে তা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

## ৫.০ বরাদ্দ বাতিলকরণ, উচ্ছেদ করণ/ প্লটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ

৫.১ আবেদনকারীগণ প্লট বরাদ্দ পাওয়ার পর রেজিষ্ট্রেশন এর পূর্বে প্লট নিতে ইচ্ছুক না হলে / প্লটটি সমর্পণের ক্ষেত্রে জামানতের টাকা হতে ১০% কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে। তবে মৃত্যুজনিত / অক্ষমতাজনিত কারণে প্লট সমর্পণের ক্ষেত্রে জমাকৃত অর্থ হতে ১০% কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে।

৫.২ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট প্লট বিক্রয় / হস্তান্তর / পুনঃবরাদ্দ করা যাবে না।

৫.৩ বরাদ্দকৃত প্লটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় টাকা পরিশোধের পূর্বে বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি যদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট বরাদ্দকৃত প্লট সমর্পণের জন্য লিখিত আবেদন করেন, সেক্ষেত্রে হালনাগাদ পর্যন্ত জমাকৃত সমুদয় টাকার (বিনা সুদে) ১০% কর্তন সাপেক্ষে প্লট সমর্পনের জন্য সম্মতি দেয়া হবে।

৫.৪ বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী ১ (এক) বৎসর সময়-সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে। ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করে অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা নিয়মিতভাবে পরিশোধ করতে বাধ্য থাকবেন। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত টাকার ১০% কর্তন করে ৩ (তিন) মাসের মধ্যে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

৫.৫ যে সকল আবেদনকারী প্লট বরাদ্দ পেয়ে পরবর্তীতে নিতে আগ্রহী হবেন না তাদের জামানতের অর্থ হতে ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

৫.৬ একান্নভুক্ত পরিবার হলে মাত্র একটি আবেদন করা যাবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক প্লট পেলে এবং তা কোন সময়ে প্রমাণিত হলে, প্লটটি বাতিল করা হবে এবং প্লটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। তবে বিষয়টি ক্ষতিগ্রস্থদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

৫.৮ অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করলে বা ভুল তথ্য প্রদান করলে এবং প্রমাণিত হলে বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

## ৬.০ প্লট বরাদ্দ প্রদানের নিয়মাবলী / শর্তাবলী

৬.১ যশোর হাউজিং এস্টেটের প্লটের ক্ষেত্রে সকল শ্রেণী ও পেশার ব্যক্তিদের মধ্যে হতে উন্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে।

৬.২ আবেদনকারীকে তাহার পেশা হিসাবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন পেশা উল্লেখ করতে হইবে। কোন আবেদনকারীকে নিম্নবর্ণিত (ক) গ্রুপ হতে (ট) গ্রুপ অন্তর্ভূক্ত না হইলে অন্যান্য (ড) গ্রুপ তাহার পেশার বিষয় উল্লেখ করতে হবে। কোন কোটায় প্লটের প্রাপ্যতা অপেক্ষা দরখাস্ত কম হলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে অবশিষ্ট প্লটসমূহ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নির্দিষ্ট কোটায় সরাসরি সংযোজিত হবে।

| ক্রমিক নং | ক্যাটাগরী | কোটার হার |
|---|---|---|
| (ক) | সরকারী কর্মকর্তা / কর্মচারী | ১৮% |
| (খ) | অধাসরকারী / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা / কর্মচারী | ০৬% |
| (গ) | বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী | ০৭% |
| (ঘ) | বিদেশে কর্মরত ব্যক্তি | ০৫% |
| (ঙ) | মুক্তিযোদ্ধা | ০৬% |
| (চ) | ব্যবসায়ী | ০৭% |
| (ছ) | অবসরপ্রাপ্ত চাকুরীজীবি | ০৪% |
| (জ) | মন্ত্রণালয় এবং জাগৃক এ চাকুরীরত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য নির্ধারিত | ০৬% |
| (ঝ) | অর্থ বিভাগ, আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীদের জন্য নির্ধারিত | ০১% |
| (ঞ) | গৃহসংস্থান অধিদপ্তর কর্তৃক প্রকল্প এলাকার অধিগ্রহণকৃত ক্ষতিগ্রস্থ লোকজন | ০৪% |
| (ট) | বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবী ইত্যাদি) | ০৪% |
| (ঠ) | সংরক্ষিত (মাননীয় মন্ত্রী মহোদয় ৪০%, সচিব মহোদয় ৩০%, চেয়ারম্যান জাগৃক মহোদয় ৩০%) | ২৫% |
| (ড) | অন্যান্য | ০৭% |

৬.৩ সরকারী কর্মকর্তা / কর্মচারীর ক্ষেত্রে যিনি সরকারী / আধা-সরকারী / স্বায়ত্বশাসিত সংস্থা হতে বাংলাদেশের যে কোন স্থানে প্লট / ফ্ল্যাট / জমি বরাদ্দ পেয়েছেন তিনি বরাদ্দের যোগ্য হবেন না।

৬.৪ যশোর হাউজিং এস্টেটে প্লট বরাদ্দের ক্ষেত্রে শুধুমাত্র খুলনা বিভাগের স্থায়ী বাসিদাগণ আবেদন করতে পারবেন।

৬.৫ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ৭.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী / শর্তাবলী

৭.১ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্ব অর্থায়নে বাস্তবায়িত হবে।

৭.২ আবেদনকারীকে প্রকল্প এলাকার যে কোন স্থানে বরাদ্দকৃত প্লট গ্রহণে সম্মত থাকতে হবে।

৭.৩ বরাদ্দপ্রাপ্ত প্লটগুলি আবাসিক ব্যতিত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

৭.৪ প্রসপেক্টাসে উল্লিখিত যে কোন শর্ত / শর্তাদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে পরিবর্তন / পরিবর্ধন / সংযোজন / বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।

৭.৫ লটারীর সময় প্লটের সংখ্যা বেশী হলে আবেদনকারীগণের মধ্য হতে কমিটি কর্তৃক নির্বাচন পূর্বক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বরাদ্দ প্রদান করা হবে।

৭.৬ কর্তৃপক্ষ কোনরুপ কারন দর্শানো ছাড়াই যে কোন দরখাস্ত বাতিল বা গ্রহণ করতে পারবেন এবং যে কোন শর্ত ইজারা দলিল (Lease Deed) সম্পাদিত হবার পূর্বে বদল / সংশোধন করতে পারবেন। যারা প্লটের বরাদ্দ পাবেন তারা ৯৯ (নিরানব্বই) বছরের লিজ শর্তে সংশ্লিষ্ট প্লটটির Leasee হবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হবেন না / মালিকানা দাবি করা যাবে না।

৭.৭ প্লট বরাদ্দের তথ্য / ফলাফল জাতীয় দৈনিক পত্রিকায় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.nha.gov.bd) প্রকাশ করা হবে।

## ৮.০ আবেদনকারীকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবে

৮.১ বাংলাদেশের যে কোন সিডিউলভুক্ত ব্যাংক হতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর অনুঃ ২.২ এ বর্ণনা মোতাবেক টাকার পে-অর্ডার / ব্যাংক ড্রাফট / সংশ্লিষ্ট ব্যাংক একাউন্ট নম্বরে নগদ জমা রশিদের কপি দাখিল করতে হবে।

৮.২ আবেদনকারী চাকুরীজীবি হলে তার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ / অফিস প্রধান এর নিকট হতে আবেদনকারীর পরিচিতি নাম, পদবী, বয়স, মাসিক মূল বেতন এবং চাকুরীতে যোগদানের তারিখ উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে (আবেদনকারী নিজে অফিস প্রধান হলে প্রত্যয়নপত্র নিজ স্বাক্ষরে দাখিল করবেন)

৮.৩ সর্বশেষ মাসের বেতন বিল উত্তোলনের সত্যায়িত ফটোকপি।

৮.৪ প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। যাদের বাৎসরিক আয় ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার নিচে, তাদের আয়ের স্বপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার / স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা / মেয়র, পৌরসভা / সিটি কর্পোরেশন / চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ কর্তৃক সার্টিফিকেট দাখিল করতে হবে।

৮.৫ যাদের বাৎসরিক আয় করযোগ্য সীমার উর্ধ্বে তাদেরকে আয়কর সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮.৬ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ প্রসপেক্টাস ও জামানতের টাকা সংশ্লিষ্ট সুইফট কোডের মাধ্যমে জমাকৃত মূল রশিদ, বাংলাদেশী দূতাবাস বা সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা (পরিশিষ্ট-১), বিদেশে থাকার প্রমাণক হিসেবে কর্মরত প্রতিষ্ঠানের প্রত্যয়ন, বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয় পত্র বা পাসপোর্টের ফটোকপি, কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) হতে ডাউনলোডকৃত পূর্ণাঙ্গ আবেদনপত্র ও ৩ (তিন) কপি ছবিসহ কুরিয়ার

চলমান পাতা-০৫

সার্ভিসযোগে বা হাতে হাতে আবেদনপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।

৮.৭ বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র এবং এস, এস, সি বা সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র / পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি।

৮.৮ আবেদন পত্রের সাথে আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

৮.৯ ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি আবেদনপত্রে ও ১ কপি হলফনামায় সংযুক্ত করতে হবে)।

৮.১০ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর) / রাজউক / অন্য সরকারী / আধাসরকারী / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে হতে নিজ নামে / স্ত্রী / স্বামী (কর্মজীবি স্ত্রী / স্বামীর ক্ষেত্র ব্যতীত) / সন্তান / পোষ্যের নামে অথবা বেনামে ইতোপূর্বে বাংলাদেশের যে কোন স্থানে প্লট বা জমি বরাদ্দ গ্রহণ করা হয়নি মর্মে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বিজ্ঞপ্তি জারীর তারিখের পরে সম্পাদিত হলফনামা (পরিশিষ্ট-১)।

## ৯.০ যে সকল কারণে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে

৯.১ অসম্পূর্ণ / অস্বাক্ষরিত / অসত্য / ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র।

৯.২ ঘষা-মাঝা / ফ্লুইড দেয়া আবেদনপত্র।

৯.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র।

৯.৪ ফটোকপিকৃত আবেদনপত্র।

৯.৫ অনুচ্ছেদ ৮ এ চাহিত কাগজপত্রের কোন একটি বাদ পড়লে।

৯.৬ অসত্য হলফনামা দাখিল করলে।

## ১০.০ ইজারা দলিল সম্পাদন

১০.১ প্লটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করতে হবে।

১০.২ প্লট বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এস্টেটের জন্য প্রযোজ্য কোন শর্ত / সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলে দাবি করতে পারবেন না।

১০.৩ এ প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ব্যাখ্যা চূড়ান্ত মর্মে বিবেচিত হবে এবং তা সংশ্লিষ্ট সকলের জন্য সমভাবে প্রয়োগযোগ্য হবে।

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন: (০২) ৯৫৬২৭৬২
ই-মেইল: chairman@nha.gov.bd

| |
|---|
| ১ কপি<br>রঙ্গীন ছবি |

পরিশিষ্ট-১
৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে
"হলফ নামার নমুনা"

আমিঃ ----------------------------------------------------------------------------------------------------------------

পিতা : ----------------------------------------------------------------------------------------------------------------

মাতাঃ ----------------------------------------------------------------------------------------------------------------

স্বামী / স্ত্রীঃ -----------------------------------------------------------------------------------------------------------

জন্ম তারিখঃ ----------------------------------------------------------------------------------------------------------

০১.০১.২০২২ তারিখে বয়সঃ --------------------------বছরঃ -------------------------মাসঃ ----------------------দিন

পেশাঃ ----------------------------------------------------------------------------------------------------------------

বর্তমান ঠিকানা : -----------------------------------------------------------------------------------------------

মোবাইল নংঃ --------------------------------------------------- ই-মেইলঃ ----------------------------------------------

স্থায়ী ঠিকানাঃ --------------------------------------------------------------------------------------------------------

মোবাইল নংঃ --------------------------------------------------- ই-মেইলঃ ----------------------------------------------

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো ঘোষণা করছি যে, আমার নিজের নামে / স্ত্রী / স্বামী বা পুত্র / কন্যা বা পোষ্যের নামে বা বেনামে ইতঃপূর্বে সাবেক গৃহসংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) অথবা অন্য কোন সরকারী / আধা সরকারি / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে বাংলাদেশের কোন স্থানে প্লট বরাদ্দ পাইনি।

আমি আরও অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলী মেনে চলব।

উপর্যুক্ত ঘোষণা সত্য ও নির্ভুল।

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন।
আমি তার পরিচয়দানকারী।

---------------------------
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

-----------------------------------------
নোটারী পাবলিক / প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

---------------------------------------
এডভোকেট

NHA

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ**
গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

| আবেদনপত্রের ক্রমিক নম্বর | | | |
|---|---|---|---|
| | | | |

অফিস কর্তৃক পূরণ করা হবে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের খুলনা ডিভিশনাধীন
যশোর হাউজিং এস্টেটে নবসৃষ্ট আবাসিক প্লট বরাদ্দের

# আবেদনপত্র

২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি

১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে বাংলায়): ..........

ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে): ..........

২। পিতার নাম: ..........

৩। মাতার নাম: ..........

৪। স্বামী / স্ত্রীর নাম: ..........

৫। আবেদনকারীর জন্ম তারিখ: ..........

৬। ০১.০১.২০২৩ তারিখে বয়স (বয়সের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে): .......... বছর.......... মাস..........দিন

৭। বর্তমান ঠিকানা: ..........

মোবাইল নং: .......... ই-মেইল: ..........

৮। স্থায়ী ঠিকানা: ..........

মোবাইল নং: .......... ই-মেইল: ..........

৯। জাতীয় পরিচয়পত্র / পাসপোর্ট নং: ..........

১০। পেশার বিবরণ:

(ক) অফিস / সংস্থা / ব্যবসা প্রতিষ্ঠানের নাম: ..........

(খ) পদের নাম: ..........

(গ) বেতন স্কেল: ..........

(ঘ) বর্তমান প্রাপ্ত বেতন স্কেল: ..........

(ঙ) চাকুরিতে যোগদানের তারিখ: ..........

(চ) বার্ষিক মোট আয়: ..........

১১। ই টি আই এন নম্বর (যদি থাকে): ..........

১২। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর: ..........তারিখ: ..........

১৩। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর জমাকৃত পে-অর্ডার / ব্যাংক ড্রাফট নং: ..........

টাকার পরিমাণ: ..........তারিখ: ..........

ব্যাংকের নাম: .......... শাখা: ..........

১৪। যে আয়তনের প্লটের জন্য আবেদন করতে ইচ্ছুক তার পরিমাণ:

যশোর হাউজিং এস্টেটের প্লটের ক্ষেত্রে জামানতের পরিমাণ:

☐ ১.৫০-২.৫০ কাঠা আয়তনের প্লটের জন্য = ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা মাত্র।

☐ ২.৫১-৫.০০ কাঠা আয়তনের প্লটের জন্য = ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

১৫। হলফনামা সম্পাদনের তারিখ: ----------

১৬। আবেদনকারী বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে আগ্রহী:

(ক) হিসাব নম্বর: .......... (খ) রাউটিং নম্বর: ..........

(গ) ব্যাংকের নাম: .......... (ঘ) শাখা: ..........

(ঙ) Swift Code (যদি থাকে): ..........

আমি ঘোষণা করছি যে, আমার উপযুক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ: | | | | | | | | |

..........
আবেদনকারীর স্বাক্ষর

(বিঃ দ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহপূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন)